

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
www.ec.org.bd

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৫.১৫(অংশ-৩)-১৩৩

তারিখ: ০৭ বৈশাখ ১৪২৩
২০ এপ্রিল ২০১৬

বিষয় : পৌরসভা সাধারণ নির্বাচনে মেয়র পদে নিবন্ধিত রাজনৈতিক দলকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরসহ তালিকা সরবরাহ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন ২০ এপ্রিল ২০১৬ তারিখে সংযোজিত তালিকার ০৯টি পৌরসভার সাধারণ নির্বাচনের সময়সূচি ঘোষণা করেছেন। উক্ত নির্বাচনে মেয়র পদে অংশগ্রহণের জন্য স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২(৩) (গ) (ইইই) নিম্নরূপঃ

“(ইইই) রাজনৈতিক দলের মেয়র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে:

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন পৌরসভায় মেয়র পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট পৌরসভায় উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে:

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবী, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৫ (পাঁচ) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে,”

০২। এমতাবস্থায়, পৌরসভা সাধারণ নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক নিবন্ধিত রাজনৈতিক দলসমূহকে উক্ত বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ রাজীব আহসান)
সহকারী সচিব

ফোনঃ ০২-৯১৮০৭৮৪
ফ্যাক্সঃ ০২-৯১৮০৮৪১

সংযুক্তিঃ

- (১) সময়সূচি ঘোষণার প্রজ্ঞাপন
- (২) রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন
- (৩) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর সর্বশেষ সংশোধনী
- (৪) স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর সংশ্লিষ্ট অংশ

প্রাপক : সভাপতি/সাধারণ সম্পাদক

.....(সকল নিবন্ধিত রাজনৈতিক দল)

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৫.১৫(অংশ-৩)-১৩৩

তারিখ: ০৭ বৈশাখ ১৪২৩
২০ এপ্রিল ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা

অঃপঃদঃ

৫. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/কোস্ট গার্ড/ আনসার ও ডিডিপি/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. কমিশনার, ঢাকা বিভাগ/চট্টগ্রাম বিভাগ
৯. উপ-মহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ/চট্টগ্রাম রেঞ্জ
১০. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. যুগ্মসচিব (নিঃব্যঃ ১/২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৫. জেলা প্রশাসক, নরসিংদী/লক্ষীপুর/ব্রাহ্মণবাড়িয়া/নোয়াখালী/ফেনী/কক্সবাজার/খাগড়াছড়ি ও আপিল কর্তৃপক্ষ
১৬. পুলিশ সুপার, নরসিংদী/লক্ষীপুর/ব্রাহ্মণবাড়িয়া/নোয়াখালী/ফেনী/কক্সবাজার/খাগড়াছড়ি
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম অঞ্চল, ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
২০. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লক্ষীপুর/নোয়াখালী ও রিটার্নিং অফিসার
২১. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা), নরসিংদী ও রিটার্নিং অফিসার
২২. জেলা নির্বাচন অফিসার, ব্রাহ্মণবাড়িয়া/নোয়াখালী/ফেনী/কক্সবাজার/খাগড়াছড়ি ও রিটার্নিং অফিসার
২৩. জেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট সকল)
২৪. উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট উপজেলা)
২৫. জেলা কম্যান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, নরসিংদী/লক্ষীপুর/ব্রাহ্মণবাড়িয়া/নোয়াখালী/ফেনী/কক্সবাজার/খাগড়াছড়ি
২৬. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৭. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাজেট ও অর্থ)/নির্বাচন প্রশাসন/ক্রয় ও মুদ্রণ/নির্বাচন সহায়তা-১ ও ২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩০. উপজেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট উপজেলা) ও সহকারী রিটার্নিং অফিসার
৩১. অফিসার-ইন-চার্জ, (সংশ্লিষ্ট থানা)


(মোঃ রাজীব আহসান)

সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা

ফোন: ০২-৯১৮০৭৮৪

ফ্যাক্স: ০২-৯১৮০৮৪১